সংবাদ



তারিখ ... ১৫/১/৮৬ ...
পৃষ্ঠা ...

# ২৯শে জানুয়ারী প্রাথমিক শিক্ষার উপর জাতীয় সম্মেলন শুরু হবে

আগামী ২৯ ও ৩০শে জানুয়ারী সার্বজনীন প্রাথমিক শিক্ষার কার্য পরিকল্পনা ও কর্মধারার (প্ল্যান এবং পলিসি) উপর একটি জাতীয় সম্মেলন অনুষ্ঠিত হবে।

রাষ্ট্রপতি ও প্রধান সামরিক আইন প্রশাসক লেঃ জেনারেল এইচ, এম এরশাদ সম্মেলন উদ্বোধন করবেন।

১৯৮৭ সালের মধ্যে দেশের ৬ বছর থেকে ১০ বছর বয়সের শতকরা ৫০ জন ছেলেমেয়েকে পাঁচ বছর মেয়াদী প্রাথমিক শিক্ষা দেবার পন্থা উদ্ভাবন করাই এ সম্মেলনের প্রধান উদ্দেশ্য।

এ উদ্দেশ্যের সফল বাস্তবায়নের জন্যে দেশের বিভিন্ন স্তরের শিক্ষাবিদ, বুদ্ধিজীবী এবং প্রাথমিক শিক্ষায় আগ্রহী জনসাধারণের নিকট থেকে সুচিন্তিত গঠনমূলক লিখিত বক্তব্য ও প্রস্তাব আহ্বান করা হয়েছে। লিখিত বক্তব্য বা প্রস্তাব মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা পরিদপ্তর, ১৬ নং আবদুল গনি রোড, ঢাকা-এ ঠিকানায় পাঠানোর জন্য অনুরোধ জানানো হয়েছে। খবর তথ্য বিবরণীর।